

২৩ নভেম্বর, ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

## ‘আমার জীবন, আমার অধিকার’ শীর্ষক আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী

‘আমার জীবন, আমার অধিকার’ তরুণ-তরুণীদের জন্য আয়োজিত একটি আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী। ব্যক্তিগত জীবনে নারী ও পুরুষের সম্মতি ও সিদ্ধান্তের অধিকার, লিঙ্গ ভিত্তিক বৈষম্য ও সহিংসতা, বাল্য বিবাহ, যৌন হয়রানি ও সাইবার সহিংসতা ও মত প্রকাশের অধিকার ও সীমাবদ্ধতা-এই বিষয়সমূহের ওপর ভিত্তি করে শুধুমাত্র ১৪ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণীদের জন্য দেশব্যাপী আলোকচিত্র প্রতিযোগিতার আয়োজন করা হয়।

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং ব্র্যাক জেমস পি গ্র্যান্ট স্কুল অফ পাবলিক হেল্থ (জেপিজিএসপিএইচ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়) এর আয়োজনে এবং আরএসএফইউ (দ্য সুইডিশ এসোসিয়েশন ফর সেক্সুয়ালিটি এডুকেশন) এর পৃষ্ঠপোষকতায় এই আলোকচিত্র প্রতিযোগিতার বাছাইকৃত ছবি নিয়ে প্রদর্শনীটি ঢুক গ্যালারিতে ২৩ থেকে ২৭ নভেম্বর (বেলা ৩টা থেকে রাত ৮ টা পর্যন্ত) পর্যন্ত অনুষ্ঠিত হচ্ছে। ২৩ নভেম্বর ২০১৭ বিকাল ৫ টায় ঢুক গ্যালারিতে আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনীর উদ্বোধনী পর্ব অনুষ্ঠিত হয়।

উক্ত প্রতিযোগিতায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট মানবাধিকার কর্মী ড: হামিদা হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট মানবাধিকার কর্মী এবং ‘নিজেরা করি’-এর প্রধান সমন্বয়কারী খুশী কবীর ও ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য জেড আই খান পান্না।

ড: হামিদা হোসেন অংশগ্রহণকারীদের ধন্যবাদ দিয়ে বলেন, নারী নির্যাতনের বিরুদ্ধে যুবাদের এগিয়ে আসতে হবে। খুশী কবীর বলেন, এ ধরনের প্রতিযোগিতার মাধ্যমে তরুণদের মনোভাবের ইতিবাচক পরিবর্তন ঘটে, তারা অধিকার নিয়ে সচেতন হোন। জেড আই খান পান্না বলেন, তরুণদের নিজের অধিকার সম্পর্কে সচেতন করতে এবং যে কোন ধরনের সহিংসতার প্রতিরোধে এ ধরনের প্রতিযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত জুরী বোর্ডের যাচাই-বাছাই ও মূল্যবান মতামতের ভিত্তিতে আলোকচিত্র প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ৩ জনকে চূড়ান্ত বিজয়ী এবং ১ জনকে অন্যতম সেরা ‘আলোকচিত্রে সেরা গল্পছবি’ হিসেবে গণ্য করা হয়।

এই আলোকচিত্র প্রদর্শনীর মূল উদ্দেশ্য হচ্ছে প্রতিটি ব্যক্তির নিজ নিজ জীবন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার স্বাধীনতার প্রতি সচেতনতা গড়ে তোলা।

ঢুক গ্যালারীতে উদ্বোধনী অনুষ্ঠান পর্বের মাধ্যমে এই আলোকচিত্র প্রতিযোগিতার মনোনীত প্রথম ৩ জন চূড়ান্ত বিজয়ীকে পুরস্কারের সম্মুখের টাকা, সনদপত্র এবং ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়া প্রদর্শনীর বাকী আলোকচিত্রীদেরকেও অংশগ্রহণের সম্মানস্বরূপ সনদপত্র প্রদান করা হয়।